দৈনিক সংবাদ

09 SEP 1998

চট্টগ্রাম বোর্ডঃ এসএসসি ফলাফল বিপর্যয়

# পাসের হার কম হওয়ায় গ্রাম পর্যায়ের কলেজগুলোতে ছাত্রছাত্রী সংকটের আশংকা

॥ শহীদ উদ্দীন চৌধুরী ॥

দোহাজারী (চট্টগ্রাম), ৮ই সেপ্টেম্বর।– গত আগস্ট মাসে ঘোষিত এসএসসি পরীক্ষার চট্টগ্রাম বোর্ডের ফলাফলে হতাশাব্যঞ্জক অবস্থার কারণে গ্রাম পর্যায়ের কলেজগুলোও উৎকণ্ঠিত হয়ে পড়েছে। কারণ এবারের ফলাফলে যে হারে ছাত্রছাত্রী পাস করেছে তাতে গ্রাম পর্যায়ের অধিকাংশ কলেজ ভর্তি করানোর মতো কোন ছাত্রছাত্রী পাবে না।

এবারের এসএসসি পরীক্ষায় চট্টগ্রাম শিক্ষা বোর্ড থেকে ৬২৩৬০ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে পাস করেছে মাত্র ১৯৭৮৭ জন। ২৫টি স্কুলের কোন ছাত্রছাত্রীই পাসের মুখ দেখেনি। একজন/দু'জন পাস করেছে এমন স্কুলের সংখ্যা কম নয়।

দক্ষিণ চট্টগ্রামের সাতটি থানায় ৪টি সরকারি কলেজসহ মোট ৩১টি কলেজ আছে। এর মধ্যে বোয়ালখালী কানুন–গোপাড়া সরকারি কলেজ, পটিয়া সরকারি কলেজ, চন্দনাইশ গাছবাড়িয়া সরকারি কলেজ, সাতকানিয়া সরকারি কলেজ ছাড়া বাকি ২৭টি কলেজ মারাত্মক ছাত্র সংকটে ভুগবে নিঃসন্দেহে।

বোয়ালখালী থানায় এবার পরীক্ষার্থী ছিল মোট ২৫৮৪ জন, এর মধ্যে পাস করেছে মাত্র ৩৬৩ জন। পটিয়া থানায় পরীক্ষার্থী ছিল মোট ৪৬৮৮ জন, এর মধ্যে পাস করেছে মাত্র ২৪৪ জন। চন্দনাইশ থানায় পরীক্ষার্থী ছিল ২৫১০ জন, এর মধ্যে পাস করেছে মাত্র ১৩১ জন। বাঁশখালী থানায় পরীক্ষার্থী ছিল ১৫৪৪ জন, এর মধ্যে পাস করেছে মাত্র ১৮২ জন। একই রকম ফলাফল বিপর্যয় ঘটেছে সাতকানিয়া, লোহাগাড়া ও আনোয়ারা থানায়ও।

এমন পরিস্থিতিতে বোয়ালখালী থানার ৩টি বেসরকারি কলেজ–সিরাজুল ইসলাম চৌধুরী কলেজ, জলিল আম্বিয়া কলেজ, নুরুল হক মহিলা কলেজ ৯৮–৯৯ শিক্ষাবর্ষে কোন ছাত্রছাত্রী ভর্তির জন্য পাবে না বলে আশঙ্কা করা হচ্ছে। এ থানার একমাত্র কানুনগোপাড়া সরকারি কলেজের একাদশ শ্রেণীর আসন সংখ্যা প্রায় ৪০০টি। কিন্তু এ থানায় পাস করেছে মোট ৩৬৩ জন। এর মধ্যে উচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্রছাত্রীরা মহানগরীর ভাল ও সরকারি কলেজসমূহে ভর্তির চেষ্টা করবে। তাহলে বেসরকারি কলেজগুলোর কি হবে তা নিয়ে সংশয় দেখা দিয়েছে। এমনিভাবে পটিয়া সরকারি কলেজের একাদশ শ্রেণীর আসন সংখ্যা প্রায় ৩৫০টি। এ থানায় পাস করেছে ২৪৪ জন। এখানে বেসরকারি কলেজ আছে ৭টি ছালেহনুর কলেজ, এ জে চৌধুরী কলেজ, খলিলুর রহমান মহিলা কলেজ, শোভনদণ্ডী কলেজ, খলিল মীর কলেজ, মোজাফরাবাদ কলেজ, যশোদা মহিলা কলেজ। চন্দনাইশ থানার গাছবাড়িয়া সরকারি কলেজের আসন সংখ্যা ৩৮০টি। এ থানায় পাস করেছে মাত্র ১৩১ জন। এখানে বেসরকারি কলেজ হচ্ছে ৪টি – বরমা কলেজ, আমানত ছফা বদরুন্নেছা মহিলা কলেজ, সাতবাড়িয়া কলেজ, চামুদরিয়া কলেজ।

বাঁশখালী, আনোয়ারা, লোহাগাড়া, সাতকানিয়া থানার অবস্থাও একই রকম।

এমতাবস্থায় দক্ষিণ চট্টগ্রামসহ বৃহত্তর চট্টগ্রামের বেসরকারি কলেজসমূহ ৯৮–৯৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির জন্য ছাত্রছাত্রী না পেলে কলেজসমূহের অবস্থা কি দাঁড়াবে তা ভাবিয়ে তুলছে কলেজ কমিটিগুলোকে।